



আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

Website: www.bb.org.bd



ডিএফআইএম সার্কুলার নং-০৭

তারিখঃ ০২ ভাদ্র ১৪২৮
১৭ আগস্ট ২০২১

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

ঋণ/লিজ/বিনিয়োগ এর অর্থ ছাড়করণ প্রসঙ্গে।

প্রচলিত ঋণ নিয়মাচার অনুযায়ী ঋণ/লিজ/বিনিয়োগ অনুমোদনের পর তা সুবিধাভোগী গ্রাহকের হিসাবে ছাড়করণের বিষয়টি অত্যাৱশ্যকীয় হলেও সাম্প্রতিক কালে পরিলক্ষিত হচ্ছে যে, অনুমোদিত গ্রাহকের অনুকূলে ঋণ/লিজ/বিনিয়োগ এর অর্থ ছাড়করণের পরিবর্তে কোন কোন ক্ষেত্রে তা তৃতীয় কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের অনুকূলে ছাড় করা হয়। এরূপ চর্চা এতদ্বিষয়ে অনুসৃতব্য Integrated Risk Management Guidelines for Financial Institutions-2016 এবং ঋণের সদ্ব্যবহার নিশ্চিতকরণ সংক্রান্ত ২৮/০২/২০২১ তারিখের ডিএফআইএম সার্কুলার নং-২ এ বর্ণিত নির্দেশনার সুস্পষ্ট লক্ষণ। উল্লিখিত গাইডলাইন/নির্দেশনা মোতাবেক অনুমোদিত ঋণ/লিজ/বিনিয়োগ প্রকৃত গ্রাহক ব্যতীত অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের অনুকূলে ছাড় করা ঋণ শৃঙ্খলার পরিপন্থী।

এমতাবস্থায়, ঋণ/লিজ/বিনিয়োগ এর অর্থ ছাড়করণে নিম্নরূপ নির্দেশনা জারি করা হলোঃ

১। অনুমোদিত ঋণ/লিজ/ বিনিয়োগ এর অর্থ প্রকৃত গ্রাহকের ব্যাংক হিসাবে ছাড়করণপূর্বক ব্যাংক বিবরণীর কপি সংশ্লিষ্ট গ্রাহকের ঋণ/লিজ/বিনিয়োগ এর নথিতে সংরক্ষণের বিষয়টি নিশ্চিত করতে হবে; এবং

২। ইসলামি শরীয়াহ্ ভিত্তিক পরিচালিত আর্থিক প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে পর্যদ কর্তৃক অনুমোদিত বিনিয়োগ প্রকৃত সরবরাহকারীর ব্যাংক হিসাবে ছাড় করা যাবে। তবে, এক্ষেত্রে বিনিয়োগের অর্থ সরবরাহকারীর ব্যাংক হিসাবে ছাড়করণের পূর্বে বিনিয়োগ গ্রাহকের সম্মতিপত্র সংগ্রহপূর্বক তা নথিতে সংরক্ষণ করতে হবে।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ জুলকার নায়েন)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৭৮।